

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৬০

পর্ব ২১: খাদ্য (ইআন)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأَوَّلُ

আরবী

وَعَن حُذَيْفَة قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الشَّيْطَانَ يَسْتَحِلُّ الطَّعَامَ أَنْ لَا يُذْكَرَ اسْم الله عَلَيْهِ» . رَوَاهُ مُسلم

বাংলা

8১৬০-[২] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শয়তান সে খাদ্যকে নিজের জন্য হালাল করে নেয়, যদি না তাতে বিসমিল্লা-হ বলা হয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম (২০১৭)-১০২, মুসনাদে আহমাদ ২৩২৪৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১০৯, আবূ দাউদ ৩৭৬৮, সহীহুল জামি' ১৬৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ الشَّيْطَانَ يَسْتَحِلُّ الطَّعَامَ) "শয়তান খাদ্যকে হালাল মনে করে।" অর্থাৎ শয়তানের পক্ষ খাবার খাওয়া সম্ভব হয় অথবা আল্লাহর সম্ভুষ্টি নেই এমন পদ্ধতিতে খাবারের মধ্যে তার কার্য পরিচালনা করে।

(أَنْ لَا يُذْكَرَ اَسْمَ اللهِ عَلَيْهِ) "খাদ্যের উপর আল্লাহর নাম স্মরণ না করার কারণে।" অর্থাৎ খাবার খেতে শুরু করার সময় 'বিসমিল্লা-হ' না বললে অথবা ভুলক্রমে শুরুতে 'বিসমিল্লা-হ' না বলা হলেও স্মরণ হওয়ার পর 'বিসমিল্লা-হ' না বললে। তূরিবিশতী বলেনঃ খাবারের শুরুতে 'বিসমিল্লা-হ' বলা না হলে শয়তান তার বারাকাত নষ্ট করে দেয়।

ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ 'বিসমিল্লা-হ' না বলে খাবার শুরু করার মধ্যে শয়তানের জন্য খাবার গ্রহণ করার অনুমতি রয়েছে আল্লাহর পক্ষ থেকে। 'বিসমিল্লা-হ' বলাটা তার জন্য বাধা। (মিরক্কাতুল মাফাতীহ; শারহুন নাবাবী



১৩শ খন্ড, হাঃ ২০১৭)

'আল্লামা নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ যদি একদল লোক একসঙ্গে খাবার খায় এবং তাদের মধ্য থেকে কোন একব্যক্তি 'বিসমিল্লা-হ' বলে খাবার শুরু করে তাহলে শয়তান সেই খাবারে অংশগ্রহণ করতে পারে না। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন